


সেইহেতু পুত্ররূপে এল গুরুচাঁদ।
 মহাকাল গুরুচাঁদ পিতা হরিচাঁদ।।
 গুরুচাঁদ জন্ম পরে প্রভু সাজে দীন।
 সংসার বাসনা দিনে দিনে হ'ল ক্ষীণ।।
 ক্রমে ক্রমে হরিচাঁদ বিরাগী সাজিল।
 সংসারের ভার গুরুচাঁদ হস্তে নি'ল।।
 ত্রিংশবর্ষ বয়ঃক্রম যখনে হইল।
 গৃহস্থের গৃঢ়নীতি সব শিক্ষা হ'ল।।
 আদর্শ গৃহস্থ সাজে প্রভু গুরুচাঁদ।
 মনে মনে মহাপ্রভু পাইল আহ্লাদ।।
 পূর্বের প্রতিজ্ঞা মত দিন কাছে এল।
 গুরুচাঁদ বর দেহে মিশিতে ইচ্ছিল।।
 সর্বকর্ম ত্যাগ করি প্রভু কতদিন।
 গৃহমাঝে বদ্ধ রহে যেন দীনহীন।।
 নিকটে যাইতে সবে প্রভু করে মানা।
 অন্তরঙ্গ ভক্ত তাহা শুনেও শুনে না।।
 বারশ' চুরাশী সাল সে ফাল্গুন মাসে।
 বুধবার প্রাতঃকাল তারিখ তেইশে।।
 মহাপ্রভু বলে ডেকে ভক্তগণ ঠাই।
 “মাহেন্দ্রে সুযোগ এল এবে আমি যাই।।”
 গঙ্গাচর্ণা নিবাসিনী যমবুড়ী নাম।
 ভবানী নামিনী দেবী নড়াইল ধাম।।
 রামধন, গোলোক পাগল, মহানন্দ।
 উপস্থিত যত ছিল সবে নিরানন্দ।।
 কেঁদে কেঁদে সবে বলে মহাপ্রভু ঠাই।
 “কি উপায় হবে বাবা! তুমি যবে নাই?”
 প্রভু বলে “শুন, শুন, প্রিয় ভক্তগণ।
 নিশ্চয় জানিও মোর নাহিক মরণ।।
 কায়া ছাড়ি এবে আমি বাহির হইব।
 গুরুচাঁদ দেহে গিয়া আপনি মিশিব।।
 আমা ভাবি গুরুচাঁদে ভকতি করিবে।
 গুরুচাঁদ মধ্যে তবে আমাকে দেখিবে।।

যেই গুরুচাঁদ সেই আমি বটে হই।
 আমি ছেড়ে কোথা যাব গুরুচাঁদে রই।।’
 এতবলি মহাপ্রভু কায়া তেয়াগিল।
 “জ্যোতিরূপে ‘গুরুচাঁদ’ অঙ্গেতে মিশিল”।।
 “হরিচাঁদ-গুরুচাঁদ” অভিন্নাত্মা আত্মা।
 পিতাপুত্রে এক দেহে হইল সমতা।।
 মানুষে মানুষে মিশে কি মানুষ হ'ল?
 হরি-গুরুচাঁদ প্রীতি হরি হরি বল।।



রাম ভরতের পুনরাগমন

একদিন মহাপ্রভু ওড়াকান্দী বাসে।
 ভকত সুজন কত বসিয়াছে পাশে।।
 তারকেরে কহিলেন প্রভু হরিচাঁদ।
 “কতকাল করে জীব সংসারের সাধ!”
 বাড়ী থেকে সকলেরে কহেন প্রকারে।
 “মানুষ আসিবে পুনঃ আমা দেখিবারে।।
 যে মানুষের মিয়াদ খাটে রামধন।
 সে মানুষ করিতেছে পুনরাগমন।।
 আমি যে কি করি তার নাহি নিরূপণ।
 তোমরা ভকতি তারে কর সর্বজন।।
 কুটিনাটী সব কাটি করিবে দমন।
 জানাইবে মূলধর্ম সূক্ষ্ম-সনাতন।।
 কুটিনাটি কাটিয়া করিবে পাপক্ষয়।
 ‘তোমরা সকলে করো’ সে মানুষে ভয়।।”
 এতবলি সতর্ক করিলে সবাকারে।
 লীলাসঙ্গ করিলেন প্রভু তারপরে।।
 কতদিনে ওড়াকান্দী রাজজী উদয়।
 ঠাকুরে না দেখে কাঁদে পড়িয়া ধরায়।।
 বড়কর্তা গুরুচাঁদে যায় ধেয়ে ধেয়ে।
 তুমি দাদা দিলে কেন বাবাকে ছাড়িয়ে।।